সংবাদ

তারিখ ... 20 FEB 2012 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ .....

৮৬২ প্রভাষককে পদোন্নতি

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষা মন্ত্রণালয় গতকাল রোববার বিসিএস শিক্ষা ক্যাডারের প্রভাষক থেকে সহকারী অধ্যাপক পদে ৮৬২ জনের পদোন্নতির আদেশ জারী করেছে। প্রভাষক থেকে সহকারী অধ্যাপক পদে এটি স্মরণকালের সবচেয়ে বড় পদোন্নতি আদেশ। শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moedu.gov.bd) বিষয়ভিত্তিক তালিকা দেয়া আছে। পদোন্নতিপ্রাপ্তরা স্ব স্ব প্রভাষককে : পৃষ্ঠা : ১৫ ক : ৬

প্রভাষককে : পদোন্নতি

(১ম পৃষ্ঠার পর)

পদে যোগদান করবেন এবং পূর্ব দায়িত্ব পালন করবেন।

পদোন্নতির প্রক্রিয়াকে স্বাগত জানিয়েছেন বিসিএস সাধারণ শিক্ষা সমিতি। সমিতির মহাসচিব অলিউল্লাহ মো. আজমতগীর গতকাল সংবাদ'কে বলেছেন: ৮৬২ জন শিক্ষকের পদোন্নতি দেয়ায় সরকারকে অভিনন্দন জানাই। পাশাপাশি আটকে থাকা অন্য কর্মকর্তাদের পদোন্নতির জন্যও সরকারের কাছে দাবি জানাচ্ছি।

তিনি আরও জানান, পদোন্নতির বিষয়ে শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করেছি। তিনি আমাদের আশ্বস্ত করেছেন দু'একদিনের মধ্যে ডিপিসি'র (বিভাগীয় পদোন্নতি কমিটি) সভা আহ্বান করা হবে। ওই সভায় আরও প্রায় ৮০০ প্রভাষককে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি এবং অধ্যাপকসহ অন্য পদে পদোন্নতির জটিলতা নিরসন হবে বলেও সমিতির মহাসচিব আশাবাদ ব্যক্ত করেছেন।